গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় , রংপুর।

স্মারক নং: ১০৮
তারিখ: ০৯/০৮/২০২৬

বিষয়: প্রি-টেস্ট পরীক্ষার পর নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতি এবং চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সম্মানিত অভিভাবক,
আসসালামু আলাইকুম/আদাব।

এতদ্বারা আপনাকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে:

১. নিয়মিত উপস্থিতি:
প্রি-টেস্ট পরীক্ষা শেষ হওয়ার পর লক্ষ্য করা যাচ্ছে যে, শিক্ষার্থীরা বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত হচ্ছে না। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড এবং শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী, এসএসসি চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য একজন শিক্ষার্থীর বিদ্যালয়ে কমপক্ষে ৭৫% উপস্থিতি বাধ্যতামূলক।

২. একাডেমিক ফলাফল:
প্রি-টেস্ট পরীক্ষার ফলাফল অনুযায়ী আপনার সন্তান এক/একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে। শিক্ষা বোর্ডের বিধি অনুযায়ী, টেস্ট পরীক্ষায় সকল বিষয়ে কৃতকার্য না হলে এবং ৭৫% উপস্থিতি না থাকলে কোনো শিক্ষার্থীর ফরম পূরণ করানো এবং এসএসসি চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া সম্ভব নয়।

৩. কর্তৃপক্ষের নির্দেশনা ও আমাদের পদক্ষেপ:
বর্তমান পরিস্থিতিতে পরীক্ষার্থীদের একাডেমিক প্রস্তুতি নিশ্চিত করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কঠোর নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, চূড়ান্ত পরীক্ষার পূর্ব পর্যন্ত প্রতিদিন ক্লাস, প্রয়োজনে মডেল টেস্ট এবং কাউন্সেলিং এর ব্যবস্থা করা হয়েছে। উক্ত কার্যক্রমে শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করা বিদ্যালয় কর্তৃপক্ষের জন্য অত্যাবশ্যক।

অতএব, আপনার সন্তানের ভবিষ্যৎ শিক্ষা জীবনের স্বার্থে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে যে, আপনি আপনার সন্তানকে প্রতিদিন বিদ্যালয়ে পাঠানো নিশ্চিত করবেন এবং পড়াশোনার প্রতি যত্নবান হতে তাকে উৎসাহিত করবেন। আগামী ১৬/০৮/২০২৬ খ্রি. রোজ রবিবার বিদ্যালয়ের মিলনায়তনে অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়েছে। উক্ত সমাবেশে আপনার উপস্থিতি একান্ত কাম্য।

**প্রভাতী শাখা: সকাল ১০:০০ ঘটিকা**
**দিবা শাখা : দুপুর ৩:০০ ঘটিকা**

আশা করি আপনি বিষয়টির গুরুত্ব অনুধাবন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং আমাদেরকে সহযোগিতা করবেন।
আপনার সন্তানের সার্বিক মঙ্গল কামনা করছি।

ধন্যবাদান্তে,
০৯/৮/২০২৬
(ফেরদৌসী আশরাফী)
প্রধান শিক্ষক
রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:
১. জেলা প্রশাসক, রংপুর।
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল রংপুর।
৪. সংরক্ষণ নথি।